# ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুশ্তাক আহমাদ কারীমী

## সূদের অপকারিতা

প্রিয় পাঠক! এবারে আসুন আমরা সমীক্ষা করে দেখি যে, ইসলাম কেন সূদকে নিষিদ্ধ ও কঠোরভাবে হারাম ঘোষণা করেছে? সূদের মধ্যে কি এমন ক্ষতি, অপকারিতা ও অনিষ্টকারিতা আছে? মানুষের চরিত্রে, সমাজে, রাষ্ট্রে এবং সারা বিশ্বে কি এমন মন্দ প্রভাব ও ক্ষতিকর প্রতিক্রিয়া সৃষ্টি করেছে সূদে? যার প্রেক্ষিতে না তো সূদ কোন বিবেক ও যুক্তিসম্মত। না তা ন্যায়পরায়ণতার অনুকূল। আর না-ই তা জীবন-জীবিকার কোন অপরিহার্য ও প্রয়োজনীয় লেন-দেন।

এক্ষণে আমরা এ অভিশপ্ত বস্তুর বিভিন্ন দিক থেকে তার অনিষ্টকারিতা ও সর্বনাশিতা নিয়ে বিস্তারিত আলোচনা ও সমীক্ষা করব। যাতে কোন জ্ঞান ও বিবেক সম্পন্ন ব্যক্তির মনে এই নাপাক বস্তুর অবৈধতার ব্যাপারে অণু পরিমাণও কোন সন্দেহ ও দ্বিধা অবশিষ্ট না থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4524

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন